

## ভবিষ্যৎ পরিকল্পনা :

- \* ট্রেডভিত্তিক সমবায় সমিতি নিবন্ধনসহ উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন ও মডেল সমিতি সৃজন করা হবে।
- \* ৫০০ জন সমবায়ীকে বিভিন্ন ট্রেডভিত্তিক ও ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদান করা হবে।
- \* সমবায় সমিতির বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক ৯০% নির্বাচন/অন্তবর্তী কালীন কমিটি গঠন নিশ্চিত করা হবে।
- \* কার্যকর সমবায় সমিতির ৯০% এজিএম নিশ্চিত করা হবে।
- \* কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন নিশ্চিত করা হবে।

## পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে করণীয়ঃ

সমবায় এর সংখ্যা ঘোষিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, ই-রেজিস্ট্রেশন কার্যক্রম চালু এবং ই-সার্ভিসের আওতায় বিদ্যমান সমবায়গুলোর প্রোফাইল ব্যবস্থাপনার জন্য অনলাইনে রিভেজিস্ট্রেশন কার্যক্রম চালু করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। পাশাপাশি উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্বাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা, ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদানের মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রাণ্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত ও অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।